

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.০৬৭.২০১২-৭১১

তারিখঃ ০৫.০২.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ মানতাসা মতিউন নাহার (১২৪৮৯৯), সহকারী সার্জন, ডেন্টাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোসেনপুর, কিশোরগঞ্জ (প্রাক্তন সহকারী সার্জন, ডেন্টাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরল, দিনাজপুর)-এর বিরুদ্ধে বিনানুমতিতে ০৫.০১.২০১১ তারিখ হতে ২০.০৯.২০১১ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার দায়ে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৭.১১.২০১২ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৭.২০১২-১০৩২নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মানতাসা মতিউন নাহার (১২৪৮৯৯), সহকারী সার্জন, ডেন্টাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোসেনপুর, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিমতে তীর পদোন্নতি পরবর্তী ০৩(তিন) বছরের জন্য স্থগিত করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.০৬৭.২০১২-

১১১/১(১১)

তারিখঃ ০৫.০২.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিভিল সার্জন, কিশোরগঞ্জ
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হোসেনপুর
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কিশোরগঞ্জ
- ১১। ডাঃ মানতাসা মতিউন নাহার (১২৪৮৯৯), সহকারী সার্জন, ডেন্টাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোসেনপুর, কিশোরগঞ্জ



(ফারজানা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd